কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ

এবং

ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই , ২০২০- ৩০জুন, ২০২১

সূচিপত্র

ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ০৩

উপক্রমণিকা:..০৫

সেকশন ১ : ঢাকা মেট্রোপলিটন পুলিশের রূপকল্প (Vision),অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী...০৬

সেকশন ২ : ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)...........................০৭

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ...০৮

সংযোজনী ১ : শব্দ সংক্ষেপ (Acronyms)...১৫

সংযোজনী ২ : ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় এবং পরিমাপ পদ্ধতির বিবরণ........১৬

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা......................১৮

ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

Overview of the Performance of Dhaka Metropolitan Police

শৃঙ্খলা, নিরাপত্তা, প্রগতি এই তিন মূল মন্ত্রকে ধারণ করে বাংলাদেশের জননিরাপত্তা বিধান ও আইন শৃঙ্খলা রক্ষায় প্রধান দায়িত্ব পালন করে আসছে বাংলাদেশ পুলিশ। আর প্রতিষ্ঠা লগ্ন থেকেই ঐতিহ্য ও প্রযুক্তিগত উৎকর্ষতার সমন্বয়ে কার্যকরী উদ্যোগ গ্রহণের মাধ্যমে ২(দুই) কোটির অধিক জনবহুল ঢাকা শহরের অপরাধ নিয়ন্ত্রণ ও আইন শৃঙ্খলা রক্ষার গুরুদায়িত্ব পালন করছে বাংলাদেশ পুলিশের গুরুত্বপূর্ণ বৃহৎ ইউনিট ঢাকা মেট্রোপলিটন পুলিশ। শত সীমাবদ্ধতার মাঝেও শান্তি শপথে বলীয়ান হয়ে নগরের প্রতিটি মানুষের নিরাপত্তা বিধান, অপরাধ প্রতিরোধ ও প্রতিকারে নিরলসভাবে কাজ করছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। প্রযুক্তিগত দক্ষতা ও পেশাগত জ্ঞানকে প্রাধান্য দিয়ে সৃজনশীলতা ও জন অংশীদারিত্বকে অন্যতম কার্য কৌশল হিসেবে গ্রহণ করে বহুমাত্রিক এ নগরে আইন শৃঙ্খলা রক্ষা ও জনগণের আস্থা অর্জনে সর্বদা সচেষ্ট ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)।

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ ঃ

- ডিএমপিতে গত তিন বছরে প্রায় ৭৮,৭০০ টি অপরাধ তদন্ত নিস্পত্তি করা হয়েছে।
- প্রায় ৪,৬৯,২৫,৮৯,৮০০ টাকার মাদকদ্রব্য উদ্ধার করা হয়।
- ৫৩৪ টি অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধার করা হয়েছে।
- ১,৩৩,৯৭৯ জন অপরাধীকে সনাক্ত করা হয়েছে।
- One Stop Service এর মাধ্যমে প্রায় ৭৭,২৫৬টি পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান করা হয়েছে।
- ডিএমপি'র ৮টি অপরাধ বিভাগে ৩০২ টি বিট গঠনের মাধ্যমে জঙ্গীবাদ বিরোধী কার্যক্রম, ভাড়াটিয়া তথ্য সংগ্রহ, মাদক বিরোধী জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। Beat Policing এর মাধ্যমে ১,৪০,৫৮১ টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে।
- ডিএমপি'র "Citizen Information Management System (CIMS)" সফটওয়্যার এর মাধ্যমে ২০১৯ পর্যন্ত ১৭,০৩,৮২৯ জন নাগরিকের তথ্য সংগ্রহ করা হয়েছে।
- ই-ট্রাফিক প্রসিকিউশনের (POS মেশিনের) মাধ্যমে সড়ক ব্যবস্থাপনায় প্রায় ৪০,৯৭,৮৬৮টি মামলা রুজু করা হয়েছে।
- সাইবার সিকিউরিটি বিভাগে অনলাইনে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে ২৬,৯২৬ জনকে সেবা প্রদান করা হয়।
- ২০১৮ সালে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে মোট ১৯,২০২ জন অফিসার ও ফোর্স অক্লান্ত পরিশ্রম করে সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে ভূমিকা পালন করেছে।
- প্রতিষ্ঠালগ্ন থেকে এ পর্যন্ত ৩৭,৬২,৬১,৬৪০ জন পাঠক ডিএমপির অনলাইন www.dmpnews.org.online পত্রিকাটি পাঠ করেছেন। অর্থাৎ গড়ে প্রতিদিন এই পত্রিকার পাঠক সংখ্যা ৪,৫০,০০০। ডিএমপি'র অফিসিয়াল ভেরিফাইড ফেসবুক পেজে বর্তমানে ফলোয়ার সংখ্যা প্রায় ৫,৫৮,৭২১ জন।
- উত্তরা আঞ্চলিক পুলিশ লাইন্সে ৪০০ জন পুলিশ সদস্যের বসবাস উপযোগী অস্থায়ী ব্যারাক নির্মাণ করা হয়েছে।
- ডেমরা আঞ্চলিক পুলিশ লাইন্সে প্রায় ৩০০ জন পুলিশ সদস্যের বসবাস উপযোগী অস্থায়ী ব্যারাক স্থাপন করা হয়েছে।
- বসিলায় ৬০০ পুলিশ সদস্যর জন্য ব্যারাক নির্মাণাধীন রয়েছে যা অনতিবিলম্বে সম্পন্ন হবে।
- ঢাকা মেট্রোপলিটন পুলিশের ১৫ টি নতুন বিভাগ তৈরি করা হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:

- জনসাধারণের আইন অমান্যতার সংস্কৃতি।
- Pandemic Law Enforcement System বাস্তবায়ন।
- ঘনবসতি।
- ঢাকা মহানগরীর নাগরিকদের তুলনায় অপর্যাপ্ত জনবল।
- যুগোপযোগী ও বিজ্ঞান ভিত্তিক তদন্ত প্রক্রিয়ার অপ্রতুলতা।
- লজিস্টিক সাপোর্ট তথা অপর্যাপ্ত যানবাহন, যুগোপযোগী ও আধুনিক যন্ত্রপাতি ও অস্ত্রের স্বল্পতা।
- আধুনিক ও আইটি টেকনোলজি বেসড প্রশিক্ষণের অভাব।
- বর্তমান প্রেক্ষাপটে জঙ্গী ও সন্ত্রাসবাদ ও সাইবার ক্রাইম মোকাবেলা।
- জনশৃঙ্খলা নিয়ন্ত্রণ।
- নগরীতে চলমাল বৃহৎ প্রকল্পসমূহ যেমন: এমআরটি, বিআরটি ইত্যাদির প্রেক্ষিতে যান ও জন চলাচল স্বাভাবিক রাখা।
- বর্তমানে করোনা পরিস্থিতিতে ডিএমপির সকল ফোর্সের জন্য স্বাস্থ্যসম্মত আবাসন ব্যবস্থা নিশ্চিতকরণ।

ভবিষ্যৎ পরিকল্পনা সমূহঃ

- ঢাকা মেট্রোপলিটন পুলিশের জনবল বৃদ্ধি পূর্বক জনগণের দ্বারপ্রান্তে পুলিশের সেবা পৌছে দেয়া।
- প্রো-একটিভ এবং জনসম্পৃক্ত পুলিশিং এর মাধ্যমে কার্যকরভাবে অপরাধ উদঘাটন ও দমন করা।
- জনসম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে কমিউনিটি পুলিশের পাশাপাশি প্রবর্তিত বিট পুলিশকে অধিকতর কার্যকরী করা।
- জঙ্গী ও সন্ত্রাসবাদ নির্মূলে আধুনিক প্রযুক্তির ব্যবহার ও পরিকল্পনা প্রণয়ন করা।
- অপরাধ তদন্তে প্রচলিত পেশাদার সোর্স এর উপর নির্ভরশীলতা কমিয়ে আনা এবং পর্যায়ক্রমে পেশাদার সোর্স এর নির্ভরশীলতা শূন্যের কোটায় নিয়ে আসা।
- জবানবন্দীভিত্তিক তদন্তের উপর নির্ভরশীলতা হ্রাসপূর্বক বিজ্ঞানভিত্তিক তদন্তের মাধ্যমে অপরাধ উদঘাটন প্রক্রিয়া জোরদার করা।
- অপরাধ দমনে বৈজ্ঞানিক পদ্ধতির ব্যবহার এবং ডিজিটাল অপরাধ ডাটাবেজকে আরো গতিশীল করা।
- পুলিশের মাঠ পর্যায়ের জনবলের মানোন্নয়নসহ সমসাময়িক কৌশলগত বিষয়াবলীর সাথে তালমিলিয়ে অগ্রসর হওয়ার লক্ষ্যে আধুনিক যুগোপযোগী ও আইটি টেকনোলজি বেসড প্রশিক্ষণ প্রদান বৃদ্ধি করা।
- মাদকবিরোধী অভিযান জোরদারের মাধ্যমে মাদক নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা।
- ডিএমপি ওয়েবসাইট, ডিএমপি নিউজ পোর্টাল, ফেসবুক পেইজ ইত্যাদি সামাজিক যোগাযোগ মাধ্যমের সাহায্যে সেবা প্রত্যাশীদের সাথে আরও কার্যকর মেলবন্ধন তৈরী করা।
- সেবার মান উন্নয়নে মোবাইল ট্র্যাকার, পোর্টেবল এক্সপ্লোসিভ ডিটেকটর, পোর্টেবল ড্রাগ ডিটেকটর, আইপি ট্র্যাপার ইত্যাদি সেবা সংযোজন করা।
- ওয়ান স্টপ সার্ভিস, অনলাইনে অভিযোগ ও তথ্য প্রদান, অনলাইন পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট, সিটিজেন ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (সিআইএমএস), ই- ট্রাফিক প্রসিকিউশন প্রসেস ইত্যাদি সেবাসমূহকে অধিকতর উন্নতকরণসহ জন বান্ধব পুলিশিং নিশ্চিত করা।
- ঢাকা মেট্রোপলিটন পুলিশ এলাকার যে সকল থানার নিজস্ব থানা ভবন নেই সেই সকল থানার নিজস্ব থানা ভবন নির্মাণের জন্য জমি অধিগ্রহণ ও বরাদ্দ প্রক্রিয়া চলমান রয়েছে।
- ডিএমপির অফিসার ও ফোর্সের জন্য পর্যাপ্ত ও স্বাস্থ্যসম্মত আবাসনের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে কার্যক্রম গ্রহণ করা।
- ডিএমপি'র সাংগঠনিক কাঠামো ও জনবল বৃদ্ধির জন্য বিভিন্ন পদমর্যাদার ৩৫১৩ টি,মিরপুরস্থ পিওএম পুলিশ লাইন্স-এ ১০ শয্যাবিশিষ্ট হাসপাতাল স্থাপনের জন্য ২৮ টি এবং নতুন ০৩ টি থানা সৃষ্টির লক্ষ্যে ৩৮৭ টি পদের প্রস্তাব পুলিশ হেডকোয়ার্টার্স ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- ডিএমপির মিডিয়া সেন্টারকে তথ্য সেবা প্রদানের ক্ষেত্রে ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে পরিনত করা।
- ট্রাফিক বিভাগে "কারিগরি ইউনিট" চালুর মাধ্যমে পুরো মহানগরীতে আধুনিক ট্রাফিক সিগন্যাল ব্যবস্থাপনা কার্যকর করা।
- রূপকল্প ২০২১ ও ২০৪১, ডেল্টা প্ল্যান ২১০০ বাংলাদেশ পুলিশের কৌশলগত পরিকল্পনা ২০১৮-২০২০, স্ট্র্যাটেজিক প্ল্যান ২০১৮-২০২০ এর লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে ঢাকা মেট্রোপলিটন পুলিশের মানবসম্পদ ব্যবস্থাপনাকে অধিকতর শক্তিশালীকরণসহ সর্বক্ষেত্রে পুলিশের দক্ষতা বৃদ্ধিকরণের লক্ষ্যে সুদূরপ্রসারী কর্মপন্থা নির্ধারণ করা।
- পৃথক ক্যাম্পাসে ডিএমপি ট্রেনিং একাডেমী স্থাপন।
- ডিএমপির কেন্দ্রীয় ওয়ার্কশপ রাজারবাগ হতে অন্যত্র স্থানান্তরের মাধ্যমে কার্যসম্পাদনে গতিশীলতা আনয়ন।
- SIVS(Suspect Identification verification System) ব্যবস্থা সকল থানায় প্রণয়ন।

২০২০-২০২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

- প্রো-একটিভ এবং জনসম্পৃক্ত পুলিশিং এর মাধ্যমে কার্যকরভাবে অপরাধ উদঘাটন ও দমনে সক্ষমতা আরও বৃদ্ধি করা।
- মাদকবিরোধী অভিযান জোরদারের মাধ্যমে মাদক নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা।
- কমিউনিটি পুলিশের পাশাপাশি প্রবর্তিত বিট পুলিশ ও মানবিক পুলিশিং এর মাধ্যমে আরও জনসম্পৃক্ত পুলিশ হিসেবে জনগণের কাছাকাছি পৌছানো।
- জঙ্গীবাদ ও সাইবার ক্রাইম নিয়ন্ত্রণে প্রশিক্ষিত জনবল ও সরঞ্জামাদি অর্জন বৃদ্ধি করা।
- আধুনিক তথ্য প্রযুক্তি সরঞ্জাম সংযোজনের ফলে বিজ্ঞানভিত্তিক ও প্রযুক্তি নির্ভর তদন্ত কার্যক্রম সম্প্রসারণ।
- ডিএমপি ওয়েবসাইট, ডিএমপি নিউজ পোর্টাল, ফেসবুক পেইজ ইত্যাদি সামাজিক যোগাযোগ মাধ্যমের সাহায্যে সেবা প্রত্যাশীদের সাথে আরও কার্যকর মেলবন্ধন তৈরী করা।
- ওয়ান স্টপ সার্ভিস, অনলাইনে অভিযোগ ও তথ্য প্রদান, অনলাইন পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ই- ট্রাফিক প্রসিকিউশন প্রসেস ইত্যাদি সেবাসমূহকে অধিকতর উন্নতকরণসহ জন বান্ধব পুলিশিং নিশ্চিত করা
- ঢাকা মেট্রোপলিটন পুলিশের সাংগঠনিক কাঠামোতে জনবল বৃদ্ধি এবং যুগোপযোগী ও প্রয়োজনভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি।
- আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে জনশৃঙ্খলা বজায় রাখা ও ব্যক্তি নিরাপত্তায় অত্যাধুনিক এন্টি রায়ট ও সুইপিং ইকুইপমেন্ট সংযোজন।
- সড়ক দুর্ঘটনা রোধে সড়কে সংঘটিত অপরাধ কমিয়ে আনার লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ ও ব্যাপক হারে ট্রাফিক সচেতনতামূলক কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন।
- যানজট সহনশীল করে আইন মান্যতার সংস্কৃতি সৃষ্টির লক্ষ্যে ব্যাপকহারে উল্টোপথে যাতায়াতকারী, অবৈধ/অনুনমোদিত স্টিকার, কালো কাঁচ, হাইড্রোলিক হর্ণ ব্যবহারকারীদের বিরুদ্ধে দৃশ্যমান কার্যকর আইনানুগ পদক্ষেপ গ্রহণ।
- সম্পূর্ণ নারী কর্মকর্তা ও সদস্যদের পরিচালনায় স্বতন্ত্র উইমেন সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশনের মাধ্যমে নারী সদস্যদের সম্পৃক্তকরণ পূর্বক নারী ও শিশু ভিকটিমদের প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান নিশ্চিত করণ।
- ঢাকা মেট্রোপলিটন পুলিশের পুলিশ লাইন্স সমূহে স্থাপিত ব্যারাকগুলোতে ফোর্সের স্বাস্থ্য বিধি নিশ্চিত করে আবাসন নিশ্চিতকরণ।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা

এবং

ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১

ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)ঃ

"For Better and Safer Dhaka"মূলমন্ত্রকে ধারণ করে মহানগরীর সার্বিক নিরাপত্তা বিধানে বিশ্বাস ও আস্থাভাজন, যোগ্য, দক্ষ, নিবেদিত ও পেশাদার পুলিশ সদস্যগণ কর্তৃক মানসম্মত সেবা প্রদানের মাধ্যমে বাসযোগ্য ও নিরাপদ ঢাকা মহানগরী নিশ্চিত করা।

১.২ অভিলক্ষ্য (Mission)ঃ

জনগোষ্ঠীর সক্রিয় সহযোগিতায় ঢাকা মেট্রোপলিটন পুলিশ আইন প্রয়োগ, সামাজিক শৃঙ্খলা রক্ষা, অপরাধ ভীতি হ্রাস, জন-নিরাপত্তা বৃদ্ধি এবং অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিতকরণে অঙ্গীকারবদ্ধ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)ঃ

১.৩.১ ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর কৌশলগত উদ্দেশ্য ঃ

(ক) টেকসহ উন্নয়নের লক্ষ্যে দেশের শান্তি, নিরাপত্তা ও আইনের শাসন জোরদারকরণ ।
(খ) আইন-শৃঙ্খলা রক্ষা ও জঙ্গি দমনে জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ
(গ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জনগণের সেবা সহজীকরণ।
(ঘ) জনশৃঙ্খলা ও ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ।
(ঙ) মানব সম্পদ উন্নয়ন।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ

(ক) দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ।
(খ) কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি।
(গ) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলী (Function)ঃ

(১) অপরাধ দমন ও নিয়ন্ত্রণ।
(২) অপরাধ তদন্ত কার্যক্রম, অপরাধী সনাক্তকরণ, গ্রেফতারি পরোয়ানা তামিল, সমন জারি ও সাক্ষী হাজির করণসহ মামলা নিষ্পত্তিতে আদালতে রাষ্ট্রপক্ষকে সমর্থন করা।
(৩) জনবান্ধব পুলিশিং বাস্তবায়নের লক্ষ্যে বিট পুলিশিং এর মাধ্যমে পুলিশের সেবা কার্যক্রমকে গতিশীল ও কার্যকর করা।
(৪) গোয়েন্দা কার্যক্রম পরিচালনা ,সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন এবং প্রযুক্তি ভিত্তিক অপরাধ প্রতিরোধে কার্যকর ভূমিকা পালন করা।
(৫) জন-শৃঙ্খলা রক্ষা ও ট্রাফিক নিয়ন্ত্রণ করা।
(৬) ভিআইপি ও গুরত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তাসহ জাতীয়, রাষ্ট্রীয় ও ধর্মীয় সকল অনুষ্ঠানের নিরাপত্তা প্রদান করা।
(৭) ভিকটিম সাপোর্ট সেন্টার ও উইমেন হেল্প ডেস্ক এর মাধ্যমে নিযার্তিত নারী ও শিশুদের সেবা প্রদান করা।
(৮) মহানগরীকে মাদকমুক্ত করার লক্ষ্যে মাদক বিরোধী কার্যক্রম পরিচালনা করা।
(৯) নগরবাসীকে সহজ ও স্বল্প সময়ে সেবা প্রদানের লক্ষ্যে ডিজিটাল পুলিশ সার্ভিস গড়ে তোলা।
(১০) মানব সম্পদ উন্নয়নে যুগোপযোগী ও আধুনিক প্রশিক্ষণ প্রদান করা।
(১১) জাতিসংঘ শান্তি রক্ষা মিশনে বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ভূমিকা পালন করা।
(১২) গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমের সাহায্যে নগরবাসীকে পুলিশের বিভিন্ন কার্যক্রমে গৃহীত নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে সচেতন করা।
(১৩) জেন্ডার সংবেদনশীলতা বৃদ্ধি করা।

সেকশন-২

ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা	প্রক্ষেপণ (Projection)		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নাম	উপাত্তসমূহ (Source of Data)
			২০১৮-২০১৯	২০১৯-২০২০	২০২০-২০২১	২০২১-২০২২	২০২২-২০২৩		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
অপরাধ হ্রাস	ধর্তব্য অপরাধের ক্ষেত্রে ১৫০ দিন সমাপ্তে দায়েরকৃত মামলার চার্জশিট প্রদানের হার	%			৮০	৮৫	৯০	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়,আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	ক্রাইম বিভাগ হতে প্রেরিত প্রতিবেদন
ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার উন্নয়ন	ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ন্ত্রণে গৃহীত মামলার সংখ্যা	সংখ্যা (লক্ষ)	১৭.৮৯	৭.৩৫	৭.৩৯	৭.৪০	৭.৪৫	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,, রাজউক, স্থানীয় সরকার মন্ত্রণালয়,সিটি কর্পোরেশন উত্তর ও দক্ষিণ	ট্রাফিক বিভাগ হতে প্রেরিত প্রতিবেদন

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০২০-২০২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
							২০১৮-২০১৯	২০১৯-২০২০	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
ঢাকা মেট্রোপলিটন পুলিশের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
(১) টেকসহ উন্নয়নের লক্ষ্যে দেশের শান্তি, নিরাপত্তা ও আইনের শাসন জোরদারকরণ	২৫	১.১ অপরাধের তথ্য প্রদানকারীর বক্তব্য শ্রবণ	১.১.১ শ্রবণের হার	গড়	(%)	৩	১০০	১০০	১০০	১০০	১০০	১০০	৯৫	১০০	১০০
		১.২ অপরাধ সংক্রান্ত তথ্য প্রাপ্তির পর অনুসন্ধানের হার	১.২.১ অনুসন্ধানের হার	গড়	(%)	২		১০০	১০০	১০০	১০০	১০০	৮০	১০০	১০০
		১.৩ অপরাধ সংক্রান্তে জিডি অনুসন্ধানের হার সংখ্যার অনুপাতে	১.৩.১ অপরাধ সংক্রান্তে জিডি অনুসন্ধানের হার	গড়	(%)	২			৮০	৭৫	৭০		৬০	৮৫	৯০
		১.৪ অধর্তব্য অপরাধে অভিযোগ প্রাপ্তির পর প্রসিকিউশন	১.৪.১ প্রসিকিউশনের হার	গড়	(%)	২			৬০	৫৫	৫০		৪৫	৬১	৬২
		১.৫ ধর্তব্য অপরাধে অভিযোগ প্রাপ্তির পর মামলা রুজু	১.৫.১ মামলা রুজুর হার	গড়	(%)	৩		৫০	৫০	৪৮	৪৭	৫০	৪০	৫৫	৬০
		১.৬ ধর্তব্য অপরাধ মামলার পুলিশ রিপোর্ট প্রদান কার্যক্রম	১.৬.১ ধর্তব্য অপরাধে ১৫০ দিন সমাপ্তে দায়েরকৃত মামলার চার্জশিট প্রদানের হার	গড়	(%)	৩			৮০	৭৮	৭৬		৭২	৮৫	৯০
		১.৭ থানায় গৃহীত গ্রেফতারি পরোয়ানা	১.৭.১ থানায় গৃহীত গ্রেফতারী পরোয়ানা নিষ্পত্তির হার সংখ্যার অনুপাতে	গড়	(%)	৩	৯৮.৫৯	৮২.৫১	৯০	৮৮.৩৯	৮৫.২১	৮২.৫১	৭৪.২১	৯২	৯৪
		১.৮ সমনজারী ও স্বাক্ষী হাজিরকরণ	১.৮.১ জারি ও স্বাক্ষী হাজিরকরণের হার সংখ্যার অনুপাতে	গড়	(%)	৩			৮০	৭০	৬০		৮৫	৯০	৯০
		১.৯ শিশু পাচার সংক্রান্তে তথ্য প্রাপ্তির সংখ্যা	১.৯.১ তথ্য প্রাপ্তির পর শিশু পাচার সংক্রান্তে অভিযানের হার	গড়	(%)	২			১০০	৯৮	৯৬		৯২	১০০	১০০
		১.১০ বাল্যবিবাহ রোধে তথ্য প্রাপ্তির সংখ্যা	১.১০.১ বাল্যবিবাহ রোধে অভিযানের হার	গড়	(%)	২			১০০	৯৮	৯৬		৯২	১০০	১০০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০২০-২০২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	প্রক্ষেপণ ২০২২-২০২৩
							২০১৮-২০১৯	২০১৯-২০২০	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%		
(২) আইন-শৃঙ্খলা রক্ষা ও জঙ্গি দমনে জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ	২০	২.১ গণশুনানী (ওপেন হাউজ ডে)	২.১.১ এক বছরে থানায় গণশুনানী (ওপেন হাউজডে) এর সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২	৫৮৯	৪৭৪	৬০০	৫৫০	৫২০	৪৭৪	৪৫০	৬১০	৬২৫
		২.২ অপরাধ বিরোধী সভামূলক কার্যক্রম	২.২.১ বছরে থানায় অপরাধ বিরোধী সভার সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২			৬০০	৫৮০	৫৬০		৫২০	৬২০	৬৪০
		২.৩ জনসংযোগ সভামূলক কার্যক্রম	২.৩.১ বছরে জনসংযোগ সভামূলক কার্যক্রমের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২			১২০০	১১৯০	১১৭০		১১৫৫	১২১০	১২২০
		২.৪ বিট পুলিশিং	২.৪.১ বিট পুলিশিং এর মাধ্যমে গৃহীত কার্যক্রম (উঠান বৈঠক)	সমষ্টি	সংখ্যা (হাজার)	২	৫২.২০	৩৭.৯৬	৪০.৫০	৩৯.৩৯	৩৮.২০	৩৭.৯৬	৩৫.২০	৪৩.৫০	৪৪.৫০
		২.৫ মাদক বিরোধী অভিযান	২.৫.১ বছরে অভিযানের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২			২৪০০	২৩৫০	২৩০০		১২৫০	২৪৫৫	২৫০০
		২.৬ মানব পাচার প্রতিরোধে অভিযান	২.৬.১ বছরে অভিযানের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২			১২০০	১১১০	১০৩০		৮৬০	১২৫০	১৩০০
		২.৭ উর্ধ্বতন পুলিশ কর্মকর্তা কর্তৃক থানা পরিদর্শন	২.৭.১ পরিদর্শনের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২			৬০০	৫৮০	৫৬০		৫৪০	৬০৫	৬১০
		২.৮ পরিদর্শনকৃত থানার সিদ্ধান্ত বাস্তবায়ন	২.৮.১ পরিদর্শনকৃত থানার সিদ্ধান্ত বাস্তবায়নের হার	গড়	(%)	২			৮০	৭০	৬৫		৬০	৮৫	৯০
		২.৯ উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক নারী, শিশু, বয়স্ক,প্রতিবন্ধী সার্ভিস ডেস্ক পরিদর্শনের সংখ্যা	২.৯.১ পরিদর্শণের সংখ্যা	সমষ্টি	সংখ্যা	২			৬০০	৫৮০	৫৬০		৫৪০	৬০৫	৬১০
		২.১০ পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর এ নীতির আলোকে অফিস পরিষ্কার পরিচ্ছন্ন করা	২.১০.১ অফিসে পরিষ্কার পরিচ্ছন্নতার সাধন করা	সমষ্টি	সংখ্যা	২			১২৮৪	১২০০	১২৫০	৩৬০	১০৫০	১৩২০	১৪০০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়া মান ২০২০-২০২১					প্রক্ষেপণ ২০২১-২০২২	২০- ২০২৩
							২০১৮-২০১৯	২০১৯-২০২০	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%		
(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জনগণের সেবা সহজীকরণ।	২০	৩.১ থানায় সিডিএমএসে মামলা এন্ট্রিকরণ	৩.১.১ থানায় রুজুকৃত মামলা সিডিএমএসে এন্ট্রিকরণের হার সংখ্যার অনুপাতে	গড়	(%)	১	১০০	১০০	১০০	১০০	১০০	১০০	৯০	১০০	১০০
		৩.২ ৯৯৯ দৈনিক ভিত্তিতে অপরাধ সংক্রান্তে কল প্রাপ্তির সংখ্যা	৩.২.১ ৯৯৯ এর অপরাধের তথ্য প্রাপ্তিতে সাড়া প্রদানের হার	গড়	(%)	২	৯৯.৯৬	১০০	১০০	১০০	১০০	১০০	৯০	১০০	১০০
		৩.৩ থানায় স্থাপিত নারী, শিশু, বয়স্ক,প্রতিবন্ধী সার্ভিস ডেস্কে আগত সাহায্য প্রার্থীর সংখ্যা	৩.৩.১ নারী, শিশু, বয়স্ক,প্রতিবন্ধী সার্ভিস ডেস্কে আগত সাহায্য প্রার্থী অভিযোগ নিস্পত্তির হার	গড়	(%)	১	১০০	১০০	১০০	১০০	১০০	১০০	৯৫	১০০	১০০
		৩.৪ প্রতিমাসে থানায় পুলিশ ভেরিফিকেশন সংক্রান্ত গৃহীত আবেদনের সংখ্যা	৩.৪.১ প্রতিমাসে থানায় গৃহীত পুলিশ ভেরিফিকেশন এর জবাব প্রেরণের হার	গড়	(%)	২	৯৯.৯৬	৯৯.৯১	১০০	৯৯.৯৭	৯৯.৯৫	৯৯.৯১	৯২	১০০	১০০
		৩.৫ নারী, শিশু, বয়স্ক,প্রতিবন্ধী সার্ভিস ডেস্কে কর্মরত কর্মকর্তার প্রশিক্ষণ	৩.৫.১ কর্মকর্তার সংশ্লিষ্ট সার্ভিস ডেস্ক সংক্রান্তে প্রশিক্ষণের হার	গড়	(%)	২	-	৪২.৫৫	৮০	৭২.০০	৬০.৫০	৪২.৫৫	৪০.০০	৮৫	৯০
		৩.৬ ভিকটিম সাপোর্ট সেন্টারের সেবা প্রদান	৩.৬.১ ভিকটিম সাপোর্ট সেন্টারে সেবা প্রদানের হার	গড়	(%)	৩			১০০	৯০	৮০		৭০	১০০	১০০
		৩.৭ ভিকটিম উদ্ধার কার্যক্রমে অভিযান	৩.৭.১ ভিকটিম উদ্ধারে অভিযান	গড়	(%)	৩	৯৭.৯৭	৯৫.৪২	১০০	৯৮	৯৭	৯৫.৪২	৯০	১০০	১০০
		৩.৮ অনলাইন পুলিশ ক্লিয়ারেন্সের মাধ্যমে ওয়ান স্টপ সার্ভিস সেবা প্রদান	৩.৮.১পুলিশ ক্লিয়ারেন্স প্রদান	সমষ্টি	সংখ্যা (হাজার)	৩	১৮.৫৩	২৫.৭৫	২৬.০০	২৫.৯৩	২৫.৮৯	২৫.৭৫	২৫.৬০	২৭.০০	২৮.০০
		৩.৯ অনলাইনে অভিযোগ ও তথ্য প্রদানের সুযোগ	৩.৯.১ অনলাইনে সংঘটিত অভিযোগ নিস্পত্তি	সমষ্টি	সংখ্যা (হাজার)	৩	৮১৮২	১৪২৭৭	১৬০০০	১৫৫৬০	১৫০১০	১৪২৭৭	১৪০০০	১৮০০০	২০০০০